

গ্রাম উন্নয়ন দলের সহায়তায় ময়মনসিংহ খেজুরতলা গ্রাম লকডাউন



খেজুরতলা গ্রামকে করোনাভাইরাস থেকে মুক্ত রাখার জন্য লকডাউন করলো গ্রামবাসী। গ্রাম উন্নয়ন দলের সভাপতি ও ময়মনসিংহ সদর বয়ড়া ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক মোর্শেদ আহম্মদ গ্রামবাসীদের সহযোগিতায় লকডাউন সম্পন্ন করেছে। এর ফলে এই গ্রামে অন্য গ্রামের মানুষ প্রয়োজন ছাড়া প্রবেশ করতে পারবে না। একান্তই দরকার হলে, প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করে প্রবেশ করতে হবে।



গংগাচড়ায় স্বদিচ্ছা গণ গবেষণা সমিতির খাদ্য বিতরণ



করোনাভাইরাসের আঘাত রংপুরের গংগাচড়া ইউনিয়নের বিভিন্ন গ্রামের দরিদ্র মানুষকে খাদ্য সংকটের মুখে ফেলে দেয়। খাদ্যের অভাবে এলাকার দরিদ্র মানুষরা অসহায়ভাবে জীবন যাপন করছিলো। গ্রামের দরিদ্র মানুষদের এই অসহায় অবস্থা নিরসনে এগিয়ে আসে গংগাচড়া ইউনিয়নের স্বদিচ্ছা গণ গবেষণা সমিতির সদস্যরা। সমিতির কোষাধ্যক্ষ জাহিদুল ইসলামের নেতৃত্বে বিভিন্ন গ্রামের ১৫টি পরিবারের মাঝে চাল, ডাল, সয়াবিন তেল ও সাবান বিতরণ করা হয়।

কক্সবাজার জেলার পশ্চিম ঘান্দিপাড়া গ্রাম উন্নয়ন দলের সদস্য আনসারুল হকের নেতৃত্বে গ্রাম উন্নয়ন দল বিভিন্ন গ্রামের ২০০টি পরিবারের মাঝে চাল, পেন্সাজ, রসুন, ডাল এবং শাকসবজী বিতরণ করেন।



গ্রামকে বাঁচাতে লড়ে চলেছে চর কালী বাড়ির গ্রাম উন্নয়ন দল



করোনা ভাইরাস মুক্ত এলাকা গড়ে তোলার জন্য কাজ করে চলেছে চর কালীবাড়ী গ্রাম উন্নয়ন দল। ময়মনসিংহ সদর উপজেলার চর ঈশ্বরদিয়া ইউনিয়নে চর কালীবাড়ী গ্রামকে করোনার মহামারী থেকে রক্ষা করতে গত ২৯ মার্চ ২০২০ তারিখ থেকে গ্রাম উন্নয়ন দলের সদস্য ও ইয়ুথ লিডার আল আমিন ও তার দল, রঘুরামপুর কুমড়ীকান্দা গ্রাম উন্নয়ন দলের সভাপতি আরিফুল ইসলাম, আসমা, হালিমা, টানপাড়া গ্রাম উন্নয়ন দলের সভাপতি রাশিদা আক্তার, মনোয়ারা আফরোজ, মোস্তফা, পান্না, আললপুর গ্রাম উন্নয়ন দলের সম্পাদক রফিকুল ইসলাম, রহিমা খাতুন, খালেদা খাতুন, জিয়াউর রহমান, চর ঈশ্বরদিয়া গ্রাম উন্নয়ন দলের সভাপতি মুক্তান্নাহার, এনায়ের কবির, রেনু আক্তার, চর লক্ষীপুর গ্রাম উন্নয়ন দলের সভাপতি ফুলভানু, তোফায়েল আহমেদ, সকলে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছেন। সামাজিক দুরত্ব মেনে চলা, জীবাণু নাশক স্প্রে করা সহ বিভিন্ন বিষয়ে সচেতন করছে। যে এলাকা গুলোতে মানুষের সমাগম বেশী হয়, এ রকম ৮টি স্থানে এবং মসজিদের অজু খানার স্থানে পোষ্টার লাগিয়েছে ও সাবান রেখেছেন। তারা হাতে লিখে পোষ্টারিং করছেন। পাশাপাশি এলাকার ধনী ব্যক্তিদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে হতদরিদ্রের মাঝে প্রতিদিন ২৫০/৩০০ পরিবারে খাবার বিতরণ করছে। এলাকার কর্মহীন মানুষ যারা দিন এনে দিন খায় এমন মানুষের ব্যাপকভাবে খাবারের যোগান দেয়ার জন্য স্বেচ্ছাসেবীরা নিয়মিতভাবে ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ করছে এবং ইউপি কর্তৃক উপকারভোগীদের তালিকা তৈরীতে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করছে।